# নতুন সরকারের শপথের আনুষ্ঠানিকতায় ১৩ দেশের রাষ্ট্রপ্রধানকে আমন্ত্রণ



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

নতুন সরকারের শপথ অনুষ্ঠান ঘিরে কূটনৈতিক তৎপরতা জোরদার হয়েছে। চীন, ভারত ও পাকিস্তানসহ মোট ১৩টি দেশের রাষ্ট্র ও সরকারপ্রধানকে আনুষ্ঠানিকভাবে আমন্ত্রণ জানানো হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, নির্বাচনে বিজয়ী বিএনপির শীর্ষ পর্যায়ের নেতাদের সঙ্গে আলোচনা শেষে বিদেশি অতিথিদের আমন্ত্রণের সিদ্ধান্ত নেওয়া হয়। প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস আমন্ত্রণপত্র পাঠিয়েছেন বলে জানা গেছে।

তালিকায় রয়েছে চীন, সৌদি আরব, তুরস্ক, ভারত, পাকিস্তান ও সংযুক্ত আরব আমিরাতসহ আরও কয়েকটি গুরুত্বপূর্ণ দেশ। আগামী মঙ্গলবার জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় শপথ গ্রহণের মূল অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

LENS ASIA

ভারতের সংবাদমাধ্যম NDTV জানিয়েছে, সেদিন ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ–এর সঙ্গে বৈঠকের সূচি রয়েছে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির। এ কারণে দিল্লির পক্ষ থেকে পররাষ্ট্রমন্ত্রী এস. জয়শঙ্কর অথবা উপ-রাষ্ট্রপতি সি. পি. রাধাকৃষ্ণন প্রতিনিধিত্ব করতে পারেন বলে ধারণা করা হচ্ছে।